রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম যখন সফরে থাকতেন এবং রাতে বিশ্রামের জন্য কোথাও অবতরণ করতেন, তখন তিনি ডান পার্শ্বে শয়ন করতেন। আর তিনি ফজরের কিছুক্ষণ পূর্বে বিশ্রাম নিলে তার হাতটা খাড়া করে হাতের কব্জির উপর মাথা রাখতেন।

আবূ কাতাদাহ আল-আনসারী রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, ‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম যখন সফরে থাকতেন এবং রাতে বিশ্রামের জন্য কোথাও অবতরণ করতেন, তখন তিনি
ডান পার্শ্বে শয়ন করতেন। আর তিনি ফজরের কিছুক্ষণ পূর্বে বিশ্রাম নিলে তার হাতটা
খাড়া করে হাতের কব্জির উপর মাথা রেখে আরাম করতেন।’ [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অভ্যাস ছিল তিনি সফরে ঘুমানো বা আরাম করার জন্য যদি রাতের প্রথমাংশে অবতরণ করতেন, তখন তিনি তার ডান পার্শ্বকে যমীনের উপর রাখতেন। আর যদি ফজরের নিকটতম সময়ে কোথাও অবতরণ করতেন তখন তিনি হেলান দিতেন। তিনি তার হাত দাড় করিয়ে তার উপর হেলান দিতেন। কারণ, তিনি রাতের প্রথমাংশে ডান পার্শ্বে ঘুমাতেন যেন দেহকে তার ঘুমের পূর্ণ অংশ দিতে পারেন। আর ফজরের নিকটবর্তী সময়ে তিনি হাত খাড়া করে তার উপর ঘুমাতেন যাতে ঘুম গভীর না হয়, তাহলে ফজরের সালাত তার ছুটে যাবে।

https://sunnah.global/hadeeth/bn/show/5968